01
Scene

চাদ তারা দুই ভাই
কাজে কর্মে মিল নাই

02

Scene

তারা মিয়া ডানে গেলে
চাদ যায় বামে
সারাদিন থাকে ওরা
ভুলভাল কামে!

03
Scene

চাদ ও তারা তাদের ঘরের বারান্দা থেকে পাশের বাড়ির বারান্দায় রকি ভাইয়ের সাথে কথা বলছে।
রকি: (আতঙ্কিত গলায়) ওরে চাদ, ওরে তারা... এ কি বলছিস তোরা!!!....
তারা : রকি ভাই, তুমি ঘরে বসে থাকো। আমরা এভাবে মুখোমুখি দুই বারান্দায় বসে আর আড্ডা দিতে পারবো না!
রকি: (খুব নাটকীয় হতাশ ভঙ্গিতে) ওরে এখন কি করবো আমি! কি হবে আমার!

04
Scene

জোছনার কণ্ঠ শোনা যায়-

জোছনা : রকি ভাই! তোমার দরকার,
হেল্প লাইন নাম্বার!

05
Scene



রকি : (চমকে) হেল্প লাইন নাম্বার!

06 Scene

জোছনা : ডিয়ার কাজিনস, চাদ আর তারা ভাই!
তোমদের মাথায় কি কোনো বুদ্ধি নাই!

07
Scene

রকি : ওরে জোছনা! আমার সারা মুখে কেমন গোটা গোটা হয়েছে! চাদ আর তারা বলছে আমার নাকি কোভিড ১৯ রোগ হয়েছে!
জোছনা : মুখে গোটা হওয়াটা কোভিড ১৯ রোগের লক্ষণ না।
রকি : তাই নাকি!

08
Scene

জোছনা : হ্যা! শোনো, কোভিড ১৯ রোগের লক্ষণগুলো কি কি সেটা আমাদের সঠিকভাবে জানতে হবে। লক্ষণ দেখা দিলে তথ্য সেবা'র হেল্প লাইন নাম্বার ৩৩৩, স্বাস্থ্য বাতায়ন ১৬২৬৩, আইইডিসিআর এর হান্টিং নাম্বার ০১৯৪৪৩৩৩২২২- এ কল করে তাদের পরামর্শ মানতে হবে। প্রয়োজনে যেসব হাসপাতালে কোভিড ১৯ রোগের চিকিৎসা হয় সেখানে যোগাযোগ করতে হবে।

রকি : চাদ তারা! কেন মিথ্যা বলছিলি শুনি?
চাদ ও তারা : না আসলে আমরা কি সঠিক তথ্য জানি!

10
Scene

সেবার তথ্য সঠিকভাবে
থাকতে হবে জানা
সবাই মিলে রুখবো তবে
ভাইরাস করোনা